



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৯৯.০০৯.২০.১২৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

প্রাপক:

প্রফেসর এস এম ইমামুল হক, সাবেক ভাইস-চ্যান্সেলর
বরিশাল বিশ্ববিদ্যালয়

বিষয়: সিন্ডিকেট সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ১৭ এর 'ছ' উপ-ধারা অনুযায়ী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর প্রতিনিধি হিসেবে আপনাকে আগামী ০২ (দুই) বছরের জন্য আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি- বাংলাদেশ, বনানী, ঢাকা-১২১৩ এর 'সিন্ডিকেট সদস্য' হিসাবে মনোনয়ন প্রদান করা হলো। কমিশনের প্রত্যাশা, আপনার অনবদ্য ভূমিকা এবং সুযোগ্য নেতৃত্বে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠায় বিশ্ববিদ্যালয়টি সঠিক ও বাস্তবমুখী দিক নির্দেশনা পেতে সক্ষম হবে। উল্লেখ্য যে, কমিশন মনোনীত সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্বপালনকালে উক্ত বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষক/উপদেষ্টা হিসাবে অথবা অন্য কোনো উপায়ে লাভজনক ভূমিকায় সম্পৃক্ত হওয়া যাবে না।

২। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট পরিচালনার নীতিমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩। এই মনোনয়নের বিষয়ে আপনার সদয় সম্মতি থাকলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

কমিশনের অনুমোদনক্রমে,

১০-২-২০২২

মোঃ ওমর ফারুখ

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৯৯.০০৯.২০.১২৩/১(৭)

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) রেজিস্ট্রার, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি- বাংলাদেশ ৮৩/বি, কামাল আতাতুর্ক এভিনিউ, রোড- ৪, বনানী, ঢাকা-১২১৩ (সিন্ডিকেট সদস্য মহোদয়কে আমন্ত্রণ জানানো এবং সিন্ডিকেট সভায় সদস্যের উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৭) মহানথি/নথি, ইউজিসি



১০-২-২০২২

মোঃ শরিফুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক